


# কৃষি বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ ভর্তি পরীক্ষায় আবেদনের সময় বাড়ল



ছবি: ফাইল

অনলাইন ডেস্ক

প্রকাশ: ৩০ মে ২০২৪ | ০৩:২৭



কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি দেয় এমন ৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় আবেদনের সময় বাড়ানো হয়েছে।

২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ৩০ মের পরিবর্তে ৫ জুন করা

হয়েছে। ফলে কৃষি বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ ভর্তি পরীক্ষার আবেদনের সময় বাড়ল।

সম্প্রতি তাগুব চালানো ঘূর্ণিঝড় রিমালের কারণে দেশের বিভিন্ন অঞ্চলে বিদ্যুৎ ও ইন্টারনেট সেবা মারাত্মকভাবে বিঘ্নিত হওয়ায় বুধবার ভার্চুয়াল সভায় এ সিদ্ধান্ত নেয় কেন্দ্রীয় ভর্তি কমিটি ও টেকনিক্যাল কমিটি।

এতে সভাপতিত্ব করেন চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) এবং কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক মো. কামাল। সংবাদ বিজ্ঞপ্তি।